

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিচালক সম্প্রসারণ এর কার্যালয়
প্রাণিসম্পদ অধিদপ্তর
কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা।
www.dls.gov.bd

স্মারক নং-৩৩.০১.০০০০.২০০.৯৯.০১৮.১৭-২৫৪

তারিখঃ ০৮ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
২১ এপ্রিল ২০২৪ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ তীব্র তাপ প্রবাহে প্রাণিসম্পদ ব্যবস্থাপনায় করণীয় প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, আবহাওয়া অধিদপ্তরের পূর্বাভাস অনুযায়ী দেশের বিভিন্ন জেলার উপর দিয়ে তীব্র তাপ প্রবাহ এবং কোথাও কোথাও মৃদু থেকে মাঝারী তাপ প্রবাহ বয়ে যাচ্ছে এবং তা অব্যাহত থাকতে পারে। এই ধরনের আবহাওয়ায় গবাদিপশু ও হাঁস-মুরগী তাপ প্রবাহজনিত পীড়ন (Heat Stress) এ আক্রান্ত হতে পারে।

এমতাবস্থায় গবাদিপশু ও হাঁস-মুরগী পালনকারী/খামারীগণকে তাপ প্রবাহজনিত পীড়ন প্রতিরোধে নিম্নবর্ণিত করণীয় বিষয়সহ প্রয়োজনীয় পরামর্শ প্রদানের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হল।

১. গবাদিপশু/পোল্ট্রির ঘর বা শেড শীতল রাখার ব্যবস্থা করতে হবে। এ জন্য শেডের চালে/ভেজা চট/বস্তা/কাপড় বিছিয়ে দেয়া যেতে পারে এবং কিছু সময় পর পর তাতে পানি ছিটিয়ে ডিজিয়ে দিতে হবে। শেডের ভিতরেও ভেজা চট/বস্তা/কাপড় তুলিয়ে রাখলে ঘরের ভিতরের তাপমাত্রা শীতল রাখতে সাহায্য করবে।
২. শেডের ভিতরে পর্যাপ্ত বায়ু চলাচলের ব্যবস্থা করতে হবে প্রয়োজনে ফ্যান ব্যবহার করতে হবে।
৩. গবাদিপশুকে একাধিকবার গোসল করানো/পাইপের সাহায্যে শরীর ডিজিয়ে দিতে হবে।
৪. গবাদিপশু/পোল্ট্রিকে পর্যাপ্ত বিশুদ্ধ পানি সরবরাহ করুন। পানির সাথে পরিমানমত লবন/ভিটামিন সি/ ইলেক্ট্রোলাইট/গ্লুকোজ ইত্যাদি মিশিয়ে দেয়া যেতে পারে।
৫. সকাল ১০ টা থেকে বিকেল ৩টা পর্যন্ত সময়ে আবদ্ধ ঘরে বা খোলা মাঠে গবাদিপশু না রেখে গাছের বা প্রাকৃতিক ছায়ায়ুত্ত স্থানে রাখার ব্যবস্থা করুন।
৬. গবাদিপশুকে খড় বা অতি পরিপক্ব শক্ত আঁশযুক্ত খাবার পরিহার করে সবুজ ঘাস সরবরাহ করুন।
৭. দিনের অতিরিক্ত গরমের সময়ে খাদ্য সরবরাহ কমিয়ে তুলনামূলক কম তাপের সময়ে খাবার সরবরাহ বাড়িয়ে দিন।
৮. সম্ভব হলে গবাদিপশুকে মিনারেলযুক্ত লবক সরবরাহ করুন।
৯. তীব্র গরমে গবাদিপশু/হাঁস-মুরগীকে টিকা কিংবা কুমিনাশক প্রদান করা থেকে বিরত থাকুন। পরিবহনের প্রয়োজন হলে দিনের অপেক্ষাকৃত শীতল সময়ে গবাদিপশু/হাঁস-মুরগী পরিবহন করুন।
১০. গবাদিপশু/হাঁস-মুরগী বিষয়ে যে কোন পরামর্শের জন্য নিকটস্থ উপজেলা প্রাণিসম্পদ অফিস ও ডেটেরিনারি হাসপাতালে যোগাযোগ করুন।


ডাঃ মোঃ শাহিনুর আলম

পরিচালক সম্প্রসারণ
প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

প্রাপক: পরিচালক

বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর

ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ বিভাগ।

সদয় অবগতির জন্য অনুলিপি:

মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর।